# দি মিলেনিয়াম স্টারস স্কুল এন্ড কলেজ
## রংপুর ক্যান্টনমেন্ট
সপ্তম শ্রেণি

বাংলা প্রথম পত্র

**সৃজনশীল**

১. কদম আলী একজন দিনমজুর। তার বাড়ি উত্তরবঙ্গে। জীবিকার জন্য ঢাকায় এসেছেন। বস্তিতে থাকেন। ঢাকার একটি ফুটপাতে ছোট একটি চা-নাস্তার দোকান আছে তার। তার বস্তিতে ছয়বছর বয়সের একটি মেয়ে থাকে। নাম তার রত্না। ঠিক দেখতে কদম আলীর মেয়ের মতো। কদম আলী তাকে নিজের মেয়ের মতো ভালোবাসে এবং মিল খুব। কদম আলী নানা সময় রত্নাকে চকলেট, বাদাম, আইসক্রীম ইত্যাদি কিনে দেন, এতে রত্নার মা সব সময় শঙ্কিত থাকতেন।

ক. কাবুলিওয়ালার মলিন কাগজে কী ছিল?
খ. মিনির মা অত্যন্ত শঙ্কিত স্বভাবের মহিলা-বুঝিয়ে লেখ।
গ. উদ্দীপকের রত্না চরিত্রটির কাবুলিওয়ালা গল্পের কোন চরিত্রের সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. সন্তানের সঙ্গে পিতা-মাতার যে অন্তরের সম্পর্ক থাকে উদ্দীপকের এবং কাবুলিওয়ালা গল্পের আলোকে বিশ্লেষণ কর।

২. মা-মরা মেয়ে মিনু। বাবা জন্মের আগেই মারা গেছে। সে মানুষ হচ্ছে এক দূর সম্পর্কের পিসিমার বাড়িতে। বয়স মাত্র দশ, কিন্তু এই বয়সেই সব রকম কাজ করতে পারে সে। সব রকম কাজই করতে হয়। লোকে অবশ্য বলে যোগেন বসাক মহৎ লোক বলেই অনাথা বোবা মেয়েটাকে আশ্রয় দিয়েছেন। মহৎ হয়ে সুবিধাই হয়েছে যোগেন বসাকের। পেটভাতায় এমন সর্বগুণান্বিতা চব্বিশ ঘণ্টার চাকরানি পাওয়া শক্ত হতো তাঁর পক্ষে। বোবা হওয়াতে আরো সুবিধা হয়েছে, নীরবে কাজ করে। মিনু শুধু বোবা নয়, ঈষৎ কালাও।

ক. হাতের মুঠো পাকিয়ে লখা কী করল?
খ. লখা কেমন জীবন-যাপন করে? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকের মিনু ও লখার একুশে গল্পের লখার মধ্যকার সাদৃশ্য বর্ণনা কর।
ঘ. উদ্দীপকটি 'লখার একুশে' গল্পের চেতনার সম্পূর্ণ বহিঃপ্রকাশ নয়- তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও।

৩. শীতের ছুটিতে বাবা-মায়ের সঙ্গে হৃদিতা বেড়াতে যায় সেন্টমার্টিন দ্বীপে। সেখানকার সামুদ্রিক প্রবাল, সারি সারি নারকেল গাছ, মাছ ধরার বড় বড় নৌকা ওর মনে কৌতুহল জাগায়। দিগন্তবিস্তৃত নীলাভ জলরাশি, পরিষ্কার আকাশ ওকে নিয়ে যায় অন্য এক জগতে। ওর ইচ্ছে হয় সমুদ্রের নানা রঙের মাছের সঙ্গে খেলা করতে- আবার কখনো বা আকাশে পাখি হয়ে উড়ে বেড়াতে।

ক. নীল আকাশের মাঝে কী সাজে?
খ. 'থাকি ঘরের কোণে' বলতে কী বোঝানো হয়েছে?
গ. হৃদিতার সেন্টমার্টিনে দেখা দৃশ্যে 'নতুন দেশ' কবিতায় চিত্রিত কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকটি যেন 'নতুন দেশ' কবিতার মূলভাবকে ধারণ করে আছে। উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর।

৪. চেয়ারম্যান আজমল সাহেবের এলাকায় একজন ভালো মানুষ হিসেবে যথেষ্ট সুনাম রয়েছে, কিন্তু তার ছেলে কারণে-অকারণে বাড়ির কাজের লোক, আশপাশের খেটে খাওয়া মানুষের সাথে খারাপ আচরণ করে, তুচ্ছতাচ্ছিল্য করে। চেয়ারম্যান ছেলেকে ডেকে বুঝিয়ে বলেন, তুমি যাদের আজ তুচ্ছজ্ঞান করছ- সত্যিকার অর্থে তারাই আধুনিক সভ্যতার নির্মাতা, তাদের কারণেই আমরা সুন্দরজীবন-যাপনকরছি।

ক. 'কুলি-মজুর' কবিতায় রেলপথে কোনটি চলে?
খ. শুধিতে হইবে ঋণ-কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?
গ. চেয়ারম্যান সাহেবের ছেলের আচরণে 'কুলি-মজুর' কবিতার কোনদিকটি প্রকাশ পেয়েছে- ব্যাখ্যা কর।
ঘ. চেয়ারম্যান সাহেবের মনোভাব 'কুলি-মজুর' কবিতার মূলভাবেরই প্রতিফলন। বিশ্লেষণ কর।

## নৈর্ব্যক্তিক:
১. মিনির বাবা নভেলের কোন পরিচ্ছেদে হাত দিয়েছেন?
ক) ষোড়শ খ) সপ্তদশ গ) অষ্টাদশ ঘ) ঊনবিংশ
২. ঘরে বসে লেখক কী করছিলেন?

ক) খাবার খাচ্ছিলেন খ) পড়ছিলেন গ) প্রুফ শিট শোধন করছিলেন ঘ) মিনির সঙ্গে খেলছিলেন

৩. সে যেন কিছু ক্ষুণ্ন হইল- কে?

ক) মিনি খ) রহমান গ) রহমত ঘ) রামদয়াল

৪. 'কাবুলিওয়ালা' গল্পটি পাঠের উদ্দেশ্য কী?

ক) লেখকের ছেলেবেলা সম্পর্কে ধারণা দেওয়া খ) ছোট বয়সের মনস্তাত্ত্বিক ব্যাখ্যা

গ) পিতা-কন্যার সম্পর্কের স্বরূপ উন্মোচন ঘ)বাংলা ভাষার সাধুরীতির সাহিত্য পাঠে অনুপ্রাণিত করা।

৫. রহমত মিনির জন্য আনা বাদাম-কিশমিশের দাম নিল না, কারণ-

i) সে সওদা করতে আসেনি

ii) এটা মিনির প্রতি তার স্নেহের প্রকাশ

iii) তার টাকার অভাব ছিল না

নিচের কোনটিসঠিক?

ক) iওii খ)iও iii গ)iiও iii ঘ)i,iiও iii

৬. লখা কাকে দেখেনি এবং চেনে না?

ক) মাকে খ) মামাকে গ) বাবাকে ঘ) দাদাকে

৭. কেমন গাছে ঝাঁকড়া ছায়া মাথা নেড়ে নেড়ে লখাকে ভয় দেখায়?

ক) ঘন খ) ধেড়ে ধেড়ে গ) লম্বা লম্বা ঘ) বুড়োবুড়ো

৮. 'লখার একুশে' ফেব্রুয়ারির গানটি আঁ আঁ আঁ করে গায় কেন?

ক) এর চেয়ে বেশি লখা গাইতে পারে না খ) লখা জন্ম থেকেই কথা বলতে পারে না

গ) গানটিকে ব্যঙ্গ করে গাইবার জন্য ঘ) আপন মনে ইচ্ছা করে।

৯. 'একেবারে কাঠবেড়ালির বাচ্চা যেন'। এ লাইনটি দিয়ে লখার একুশে গল্পটিতে বোঝানো হয়েছে-

i) ফুল তোলার জন্য লখার গাছে ওঠা

ii) ফুল চুরি করার জন্য লখার গাছে ওঠা

iii) অতি দ্রুত গাছে ওঠা

নিচের কোনটি সঠিক?

ক) iওii খ)iও iii গ)iiও iii ঘ)i,iiও iii

১০. 'লখার একুশে' গল্পটিতে কোন বিষয়টি ফুটে্ উঠেছে?

ক) ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা খ) মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা

গ) ভাষা আন্দোলনের স্লোগান ঘ) লখার আঁআঁআঁ

১১. নৌকা কোথায় বাঁধা আছে?

ক) নদীর ঘাটে খ) মাঝ নদীতে গ) নতুন দেশে ঘ) দূর সাগরে

১২. 'নতুন দেশ' কবিতার বালকের মনে কী জাগে?

ক) সাধ খ) চর গ) দুঃখ ঘ) বেদনা

১৩. নীল আকাশের মাঝে কী সাজে?

ক) মেঘ খ) পাহাড়-চূড়া গ) পাখিরা ঘ) মানুষের মন

১৪. 'নতুন দেশ' কবিতার কিশোরের কল্পনায় ধরা দেয়-

ক) অজানা আনন্দ খ) ভয়ংকর পৃথিবীর ছবি গ) অপার বিস্ময় ঘ) স্বপ্নময় পৃথিবী

১৫. 'কোথাও আমার হারিয়ে যাবার নেই মানা' চরণটির সাথে তোমার পঠিত কোন কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?

ক) আমার বাড়ি খ) আমার বাবা গ) নতুন দেশ ঘ) মেলা

১৬. পথ, জাহাজ, শকট, অট্টালিকার মানে কে জানে?

ক) কবি খ) বাবুসাহেব গ) ধূলিকণা ঘ) ধনী ব্যক্তি

১৭. 'কুলি-মজুর' কবিতায় কবি মূলভাবটি ফুটিয়ে তুলেছেন কোন বিষয়টি প্রয়োগের মাধ্যমে?

ক) কবিতার আঙ্গিক গঠন খ) কুলিদের জীবন

গ) মজুরদের জীবন ঘ) শ্রমজীবী মানুষের ওপর নির্যাতনের প্রতিবাদ

১৮. দিনে দিনে বাড়িয়াছে দেনা- দেনা বলতে কী বোঝানো হয়েছে?

ক) শ্রমজীবীদের বঞ্চনার বিপরীতে অর্জিত সম্পদ

খ) শ্রমজীবীদের বঞ্চনা ও শোষণের মাত্রা

গ) ধনিক শ্রেণির কাছে শ্রমজীবীদের পাওনা

ঘ) দরিদ্র মানুষের অপরিশোধিত ঋণের পরিমাণ

১৯. 'কার রক্তে রাঙা?-ঠুলি খুলে দেখ, প্রতি ইটে আছে লিখা'- এ বাক্যে ভুল শব্দ কোনটি?

ক) রক্তেখ) রাঙা গ) ঠুলি ঘ) ইটে

২০. দধীচির সাথে কুলি-মজুরদেরকিসেরতুলনাচলে?

ক) অবহেলা খ) আত্মত্যাগ গ) বিদ্রোহ ঘ) শ্রমসাধনা